

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

নং- প্রবি/কম্প/বেতন/আ-২(গ)/সি- ৮৮০(৪০০)

তারিখ- ২১.০৪.২০১৮

## আয়কর সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর সংযুক্ত পত্র অনুযায়ী-
- ❖ সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন কর্মচারীর মূল বেতন ১৬,০০০/- বা তদুর্ধ্ব হলে সংশ্লিষ্ট সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।
  - ❖ ২০১৫ সালে ঘোষিত বিভিন্ন চাকরি (বেতন ও ভাতাদি) আদেশে আয়করের আওতাভুক্ত সকল সদস্য/কর্মচারী বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়সহ মোট আয় নিরূপন ও নিজস্ব আয় হতে আয়কর পরিশোধপূর্বক যথা সময়ে আয়কর রিটার্ন দাখিল করবেন মর্মে বিধান সন্নিবেশিত রয়েছে।
  - ❖ আইনের যথাযথ পরিপালন ও রাজস্ব আহরণের স্বার্থে বেতন-ভাতাদি পরিশোধের ক্ষেত্রে বিদ্যমান কর আইন ও ২০১৫ সালে ঘোষিত বিভিন্ন চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের আয়কর রিটার্ন দাখিল বিষয়ক বিধানের শর্ত পরিপালিত হয়েছে কি-না সে বিষয় নিশ্চিত হওয়া আবশ্যিক। কোন কর্মচারীর মূল বেতন ১৬,০০০/- টাকা বা তার বেশি হলে উক্ত কর্মচারীর জানুয়ারি ২০১৭ পর্যন্ত প্রতি মাসের বেতন বিলের সাথে কর্মচারীর টিআইএন, ২০১৭-২০১৮ কর বছরের আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্রের ক্রমিক নম্বর ও রিটার্ন দাখিলের তারিখের তথ্য সংযুক্ত করতে হবে। বর্ণিত কর্মচারীর মধ্যে কেউ ৩০ নভেম্বর, ২০১৭ তারিখের মধ্যে রিটার্ন দাখিল না করে সময়ের আবেদন করে থাকলে বিলম্বে রিটার্ন দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের অনুমোদনের ক্রমিক নম্বর, তারিখ, সার্কেল নম্বর ও কর অঞ্চলের নামের তথ্য বেতন বিলের সাথে সংযুক্ত করতে হবে।
- বর্ণিত তথ্যসমূহ বেতন বিলের সাথে সংযুক্ত রয়েছে কি-না তা বেতন, বিল পাশ /বেতন পরিশোধের ক্ষেত্রে অনুমোদনকারী /পরিশোধকারী ব্যক্তি /কর্তৃপক্ষ পরীক্ষা করে দেখবেন।
- ❖ এমতাবস্থায়, অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ৩০/০৬/২০১৭ ইং তারিখে যাদের মূল বেতন ১৬,০০০/- বা তদুর্ধ্ব তাদেরকে ২০১৭-২০১৮ করবর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্র (ফটোকপি) কম্পট্রোলার অফিসে (বেতন শাখা) প্রেরণের জন্য সকলকে অনুরোধ করা যাইতেছে।

স্বা/-

(মোঃ জাসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)

কম্পট্রোলার

### বিতরণঃ

- ১। বিভাগ /অফিস /ইনস্টিটিউট প্রধান, ..... বিভাগ /অফিস, বা.প্র.বি, ঢাকা। সংশ্লিষ্ট বিভাগ/অফিস/ইনস্টিটিউটের সকলকে অবগতি ও দাখিলকৃত আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্র জমাদানে উৎসাহিত করার অনুরোধসহ।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বা.প্র.বি. ঢাকা (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পট্রোলার অফিস (বেতন বিল প্রয়োজনীয় সংশোধন করার জন্য)।

N.B., email.  
Circulate to all officers & Teachers

(মোঃ জাসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)  
কম্পট্রোলার

CSE